দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 18 MAY 2016 ...
পৃষ্ঠা ...১৪... কলাম ..১.. ... ......

## ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে হিউস্টন টিলটসন ভার্সিটি ডিনের সাক্ষাত

ড. স্টিভেন এডমন্ড, ডিন (আরইটি) এ্যান্ড প্রফেসর এমিরেটাস, স্কুল অব বিজনেস এ্যান্ড টেকনোলজি, হিউস্টন টিলটসন ইউনিভার্সিটি অস্টিন, টেক্সাস, যুক্তরাষ্ট্র ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানের সঙ্গে তার দফতরে সোমবার সৌজন্য সাক্ষাত করেন। ক্রস বর্ডার হায়ার এডুকেশন, একাডেমিক এবং গবেষণা সহযোগিতা, কারিকুলাম, সিলেবাস, শিক্ষক-শিক্ষার্থীসহ উচ্চশিক্ষার বিভিন্ন দিক আলোচনায় প্রাধান্য পায়। ইউজিসি চেয়ারম্যান বলেন, উচ্চশিক্ষার উন্নয়ন এবং আন্তর্জাতিকীকরণে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সর্বদাই সচেষ্ট ও আন্তরিক।

উচ্চশিক্ষার উন্নয়নের জন্য কমিশন একাডেমিক ইনোভেশন ফান্ড, কোয়ালিটি এসিউরেন্স সেল, বাংলাদেশ রিসার্চ এ্যান্ড এডুকেশন নেটওয়ার্ক এবং ইউজিসি ডিজিটাল লাইব্রেরিসহ উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের বিভিন্ন কম্পোনেন্ট নিয়ে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

অনুষ্ঠানে ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, প্রফেসর ড. দিল আফরোজা বেগম এবং প্রফেসর ড. মোঃ আখতার হোসেন উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি